

🗏 লুকমান | Luqman | أُقْمَان

আয়াতঃ ৩১ : ২৬

া আরবি মূল আয়াত:

لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَ الأرضِ ١٠ إنَّ اللّٰهَ هُوَ الغَنِيُّ الحَمِيدُ ﴿٢۶﴾

আসমানসমূহ ও যমীনে যা আছে তা আল্লাহর; নিশ্চয় আল্লাহ অমুখাপেক্ষী, প্রশংসিত। — আল-বারান আকাশমন্ডলী আর যমীনে যা আছে সব আল্লাহরই, নিশ্চয়ই আল্লাহ, তিনি সকল অভাব-মুক্ত, সকল প্রশংসার অধিকারী। — তাইসিরুল

আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহরই। আল্লাহ অভাবমুক্ত, প্রশংসা। — মুজিবুর রহমান

To Allah belongs whatever is in the heavens and earth. Indeed, Allah is the Free of need, the Praiseworthy. — Sahih International

২৬. আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে তা আল্লাহরই; নিশ্চয় আল্লাহ, তিনি তো অভাবমুক্ত, চির প্রশংসিত।(১)

(১) অর্থাৎ কেবল এতটুকুই সত্য নয় যে, পৃথিবী ও আকাশমণ্ডলীর স্রস্টা আল্লাহ বরং পৃথিবী ও আকাশের মধ্যে যেসব জিনিস পাওয়া যায় তিনিই এসবের মালিক। [মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

(২৬) আকাশমন্তলী ও পৃথিবীতে যা কিছু আছে, তা আল্লাহরই।[1] নিশ্চয়ই আল্লাহ অভাবমুক্ত,[2] প্রশংসার্হ। [3]

- [1] অর্থাৎ, সে সবের সৃষ্টিকর্তাও তিনি, মালিকও তিনি এবং বিশ্ব-জগতের পরিচালকও তিনি।
- [2] সকল কিছু হতে অমুখাপেক্ষী। অর্থাৎ, সকল সৃষ্টি তাঁর মুখাপেক্ষী এবং তিনি কারো মুখাপেক্ষী নন।
- [3] তাঁর সকল প্রকার সৃষ্ট বস্তুতে। সুতরাং তিনি যা কিছু সৃষ্টি করেছেন এবং যে আহ্কাম অবতীর্ণ করেছেন, তার উপর আকাশ ও পৃথিবীর সকল প্রশংসার অধিকারী একমাত্র তিনিই।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন